

নং-স্বাপকম/শুংখলা-১/১-০৩/২০০৬/৫৫৭

তারিখ : ০২.১৪.১৮

তারিখ : ২৪.০৫.২০১১

## আদেশ

যেহেতু ডাঃ আনোয়ার পারভেজ (১১২৮২২), মেডিকেল অফিসার (সার্জারী বিঃবিঃ), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রাজাপুর, ঝালকাঠি গত ২৯.০৮.২০০৬ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও (সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা শুরু করে ১ম কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলার আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে ডাঃ আনোয়ার পারভেজ (১১২৮২২)-কে সরকারী চাকুরী হতে কেন অপসারণ করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারী চাকুরী হতে অপসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু উক্ত কর্মকর্তাকে সরকারী চাকুরী হতে অপসারণ করার প্রস্তাব মহামান্য রট্টপতি সদয় অনুমোদন করেছেন;

একনে সেহেতু সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪ (৩) (সি) বিধি মোতাবেক ডাঃ আনোয়ার পারভেজ (১১২৮২২), মেডিকেল অফিসার (সার্জারী বিঃবিঃ), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রাজাপুর, ঝালকাঠি-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৯.০৮.২০০৬ থেকে সরকারী চাকুরী হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মুহম্মদ হামায়ুন কবির)  
সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ কবরস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা


নং-স্বাপকম/শুংখলা-১/১-০৩/২০০৬/৫৫৭/৩(৩০)

তারিখ : ০২.১৪.১৮

তারিখ : ২৪.০৫.২০১১

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্মারী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৩। উপ-সচিব (পার), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৬। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৭। সিভিল সার্জন, ঝালকাঠি
- ৮। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজাপুর, ঝালকাঠি
- ১০। ডাঃ আনোয়ার পারভেজ (১১২৮২২), মেডিকেল অফিসার (সার্জারী বি বি), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রাজাপুর, ঝালকাঠি



সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৭১৭২২৫২

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)